



**২৪ আগস্টের আগে নিযুক্ত
তৃতীয় বিভাগধারী
শিক্ষকরা
এমপিওভুক্ত
হবেন**

নিজস্ব বার্তা পরিবেশক : ২৪শে আগস্ট ২০০০ তারিখের পূর্বে নিয়োগপ্রাপ্ত তৃতীয় বিভাগধারী শিক্ষকরা এমপিওভুক্ত হবেন। প্রচলিত নিয়ম অনুযায়ী তারা মাসিক বেতন-ভাতার সরকারি অংশ (এমপিও) প্রাপ্য হবেন। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত সরকারি প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়েছে।

শ্রী. সাবের হোসেন, সিনিয়র সহকারী সচিব বাস্তবায়ন প্রজ্ঞাপনে [নং.শ.১১/

শিক্ষকরা : পৃ.২ কঃ ৪

শিক্ষকরা : এমপিওভুক্ত

(১ম পৃষ্ঠার পর)

বিবিধ-৫/৯৪(অংশ-৬)/১৭১/(২) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগকৃত শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতা বিষয়ে সরকারের অবস্থান স্পষ্ট করা হয়েছে। তাতে বলা হয়েছে, উপযুক্ত বিষয়ে সরকারের সঙ্গে গত ২৪শে আগস্ট ২০০০ বিভিন্ন শিক্ষক সমিতি ফেডারেশনের আলোচনার পরিপ্রেক্ষিতে সর্বসম্মতভাবে সম্পাদিত চুক্তির ৯ নম্বর শর্তে উল্লেখ রয়েছে যে, 'এসএসসি থেকে স্নাতকোত্তর পর্যায় পর্যন্ত কোন তৃতীয় বিভাগধারীকে (শ্রেণী) নিয়োগ দেয়া যাবে না এবং তিনি 'এমপিও' প্রাপ্তির জন্য বিবেচিত হবেন না।

৯ নম্বর শর্তের ব্যাখ্যায় সরকার বলেছে, যারা ২৪শে আগস্ট ২০০০-এর পূর্বে তৎকালীন প্রচলিত নিয়মনীতি অনুযায়ী বৈধ ও রীতিভঙ্গভাবে নিয়োগপ্রাপ্ত হয়েছেন তাদের ক্ষেত্রে উল্লিখিত শর্তটি প্রযোজ্য হবে না। অর্থাৎ তারা প্রচলিত নিয়ম অনুযায়ী মাসিক বেতন-ভাতার সরকারি অংশ (এমপিও) প্রাপ্য হবেন। তবে যেসব তৃতীয় শ্রেণীপ্রাপ্ত শিক্ষক নিয়মনীতি পরিপন্থী উপায়ে অথবা অবৈধ উপায়ে নিয়োগপ্রাপ্ত হয়েছেন পরীক্ষাতে তাদেরকে পরবর্তীকালে এমপিও তালিকা হতে বাদ দেয়া হবে।

শিক্ষক সমিতি ফেডারেশনের

ধন্যবাদ জ্ঞাপন

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে শিক্ষামন্ত্রী এসএসএইচকে সাদেককে ধন্যবাদ জানিয়ে বলেছেন, গত বছরের জুলাই থেকে ১০ শতাংশ বর্ধিত বেতন, পদোন্নতি এবং '৯৭ সালের প্রবর্তিত জাতীয় স্কেলে মেডিক্যাল ও ইনক্রিমেন্ট প্রদানের ব্যাপারেও শিগগির প্রজ্ঞাপন জারি করতে হবে। এছাড়া তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের চাকরিবিধি চূড়ান্তকরণ সংক্রান্ত প্রজ্ঞাপন জারির জন্য তারা সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। শিক্ষক সমিতি ফেডারেশনের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোহাম্মদ আজিজুল ইসলাম ও মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ এ বিবৃতিতে সই করেছেন।

শিক্ষক-কর্মচারী এক্যাজেটের

বিজয় মিছিল

অন্যদিকে সরকারি প্রজ্ঞাপন জারি হওয়ায় শিক্ষক-কর্মচারী এক্যাজেটের পক্ষ থেকে গতকাল নগরীতে একটি বিজয় মিছিল বের হয়েছে। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এক্যাজেটের সমন্বয়কারী সেলিম ভূইয়া প্রধানমন্ত্রীর সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানিয়ে বলেছেন, বিলম্বে হলেও শিক্ষামন্ত্রীর শুভবুদ্ধির উদয় হয়েছে। তিনি প্রধানমন্ত্রীর হস্তক্ষেপে ৬ দফা পূরণ ও অপরাপর শিক্ষক স্বার্থবিরোধী ধারাও বাতিলের আশা করেন।